

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
ভিপি সেল  
কুমিল্লা  
www.comilla.gov.bd

২য় নিলাম ডাক

### ইজারা বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি যার শ্রেণী পুকুর (ছোটরা মফিজাবাদ কলোনি পুকুর) আগামী ০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ একে ২১ই চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা মহোদয়ের অফিস কক্ষে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০৩ (তিন) বছরের জন্য (১৪৩১ বঙ্গাব্দ সনের ০১লা বৈশাখ হতে ১৪৩৩ বঙ্গাব্দ সনের ৩০শে চৈত্র পর্যন্ত) প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে অস্থায়ী ভাবে ইজারা দেয়া হবে।

### শর্তসমূহ

০১. সর্বোচ্চ ডাককারি ডাক শেষ হবার সাথে সাথেই ডাকের ৫০% টাকা জমা দিতে হবে। বাকি ৫০% টাকা ০৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে এবং উক্ত ডাক বাতিল বলে গণ্য হবে।
০২. সর্বোচ্চ ডাককারি পুকুর/দীঘি পরিষ্কার -পরিচ্ছন্ন রাখতে বাধ্য থাকবে। পুকুর/দীঘি শ্রেণী পরিবর্তন/পরিবর্ধন অথবা অন্য কাহাকেও সাবলিজ দেয়া যাবে না।
০৩. ডাক পরিচালনাকারি কর্তৃপক্ষ সর্বোচ্চ ডাক গ্রহন করতে বাধ্য নহে।
০৪. ডাকে অংশগ্রহণকারী প্রত্যেকে ৫০০০/- টাকা (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে পারবেন।
০৫. ইজারা ডাকের টাকার সাথে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
০৬. পুকুর/দীঘি ইজারা প্রাপ্ত ব্যক্তিকে কোন অবস্থাতেই পাবলিক ইজমেন্ট বাধাগ্রস্ত করা যাবে না এবং সরকারি নিয়ম অনুযায়ী মাছের চাষ করতে হবে, ব্যক্তিগত উদ্যোগে পুকুরের অস্থিৎ রক্ষা করতে হবে।

### তফসিল

| উপজেলা    | মৌজা  | খতিয়ান নং | দাগ নং | পরিমাণ      | শ্রেণী | মন্তব্য |
|-----------|-------|------------|--------|-------------|--------|---------|
| আদর্শ সদর | ছোটরা | এস.এ ১২৭   | ৩০৬    | ০১.৮১২৫ একর | পুকুর  |         |


  
ফারহান মাসরুর  
সিনিয়র সহকারী কমিশনার  
ভিপি সেল  
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।

স্মারক নম্বর: ৩১.৪২.১৯০০.০২২.১২.০০২.২৪ - ৪৬২ (৩০)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০  
০২ এপ্রিল ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো:

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
০৪. সহকারী কমিশনার (ভূমি), আদর্শ সদর, কুমিল্লা।
০৫. সহকারী কমিশনার (গোপনীয়), কুমিল্লা। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬. সহকারী প্রোগ্রামার, আই সিটি শাখা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর এলাকা ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লা। মাইকিংসহ বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এস.আর প্রেরণের জন্য বলা হলো।
০৮. নোটিশ বোর্ড (এস. এ. এল. এ, নেজারত শাখা)।
০৯. সম্পাদক, দৈনিক ..... , একদিনের জন্য স্বল্প পরিসরে প্রচার করত: ০৩ (তিন) কপি পত্রিকা সরবরাহের জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি।

  
ফারহান মাসরুর  
সিনিয়র সহকারী কমিশনার  
ভিপি সেল  
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।